

### ৭২ শিক্ষা প্রতিষ্ঠানে কেউ পাস করেনি

॥ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥

সারাদেশের ৭২টি শিক্ষা প্রতিষ্ঠানের কেউ উত্তীর্ণ হয়নি। এর মধ্যে রয়েছে ২১টি স্কুল, ২৭টি মাদ্রাসা এবং ২৩টি ভোকেশনাল শিক্ষা প্রতিষ্ঠান। গত বছর কেউ উত্তীর্ণ হয়নি এমন শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা ছিল ৯১টি। এ বছর স্কুলগুলোর মধ্যে ঢাকা বোর্ডের ৭টি, রাজশাহীর ৩টি, যশোরের ২টি, চট্টগ্রামের ১টি, বরিশালের ৭টি এবং সিলেটের ১টি স্কুলের কেউ পাস করেনি। গতবারের মতো এবারও কুমিল্লা বোর্ডে পাস করেনি এমন কোন স্কুল নেই।